



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/কুমিল্লা-১১৬/১৭৩

তারিখ: ০৫ মাঘ ১৪২৯
১৯ জুনয়ারি ২০২৩

বিষয়: গভার্নিং বডির দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত না করা প্রসঙ্গে।

- সূত্র: ১। জনাব কামাল হোসেন ভূইয়া এর ১১/০৪/২০২২ খ্রি. তারিখের আবেদন;
২। মাদ্রাসা বোর্ডের স্মারক নং বামশিবো/প্রশা/৩৩৩২২১০৬১৩৪১/কুমিল্লা-১১৬/১০৬; তারিখ: ২২/০৬/২০২২;
৩। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪২.১৯৮৭.০০০.২৭.০০৩.২০-৯৬৮; তারিখ: ০৩/১০/২০২২।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন ভোলাইন বাজার আলিম মাদ্রাসার গভার্নিং বডির দাতা সদস্য জনাব মো: হোছানুজ্জামানকে অবৈধ ও ভুয়া উল্লেখ করে গভার্নিং বডির সদস্য জনাব কামাল হোসেন ভূইয়া সূত্রোক্ত ০১ নং স্মারকে অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের উপজেলা নির্বাহী অফিসার নাঙ্গলকোট, কুমিল্লাকে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র দেয়া হলে তদন্ত করে সূত্রোক্ত ০৩ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মো: হোছানুজ্জামান মাদ্রাসায় জমি দানের নামে গোপনে বিক্রি এবং কমিটির রেজুলেশন/সিদ্ধান্ত ব্যতীত দাতা সদস্য ক্যাটাগরীতে নিজ নাম, স্ত্রী ও ছেলের নাম অন্তর্ভুক্ত করে বিনা প্রতিবন্ধিতায় নির্বাচিত হয়ে প্রতিষ্ঠানের স্বার্থ বিরোধী অনিয়ম, অনৈতিক কর্মকান্ড ও প্রতারণার বিষয়টি প্রমাণিত হয়। তদন্তকারী কর্মকর্তা জনাব মো: হোছানুজ্জামানকে দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত না করার জন্য সুপারিশ করেন।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার মতামত অনুযায়ী ভোলাইন বাজার আলিম মাদ্রাসার স্বার্থ বিরোধী ও প্রতারণামূলক কর্মকান্ড সংশ্লিষ্ট অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব মো: হোছানুজ্জামানকে দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২২.০২.২০২৩

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


২২/০২/২৩

- ১। সভাপতি,
ভোলাইন বাজার আলিম মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা;
২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ভোলাইন বাজার আলিম মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা;

নং-বামাশিবো/প্রশা/কুমিল্লা-১১৬/১৭৩

তারিখ: ০৫ মাঘ ১৪২৯
১৯ জুনয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুমিল্লা;
২. উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা;
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা;
৪. জনাব কামাল হোসেন ভূইয়া (অভিযোগকারী), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. পি এ টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।




(মো: ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২২/০২/২৩